গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
মানব সম্পদ উন্নয়ন শাখা
শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০।
www.dife.gov.bd

**নম্বর:** ৪০.০১.০০০০.১০১.১১.০০২.১৭.১৭৩

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের ১১-০১-২০২৪ তারিখের ৮০.০০.০০০০.২০২.৬৪.০৩১.২৩ (অংশ)-০৪ নম্বর স্মারকের মাধ্যমে সুপারিশকৃত এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ১৪-১১-২০২৪ তারিখের ৪০.০০.০০০০.০২০.১১.০০১.২৪-৩৪৪ নং স্মারকের নিয়োগ সংক্রান্ত নির্দেশনার প্রেক্ষিতে নিম্নবর্ণিত ০৬ (ছয়) জন প্রার্থীকে ০২ (দুই) নম্বর অনুচ্ছেদে উল্লেখিত শর্তাধীনে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর দশম গ্রেডভুক্ত ১৬,০০০-৩৮,৬৪০/- (টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০)
টাকা বেতন স্কেলে বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ অস্থায়ী ভিত্তিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে নন-ক্যাডার দ্বিতীয় শ্রেণির 'শ্রম পরিদর্শক (সাধারণ)' পদে নিয়োগ প্রদান করা হল।

| ক্র. নং | নাম ও পদবি | রেজিঃ নম্বর | নিজ জেলা |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| ১ | জনাব আমিনা আক্তার | ১১০৫৭১৬৮ | গাজীপুর |
| ২ | জনাব সাবিহা আলী | ১৩০০৮৯৮৬ | বরগুনা |
| ৩ | জনাব রিজভী আহমেদ | ১১১৩৪৩০৩ | নাটোর |
| ৪ | জনাব স্মৃতিন্নাহার বিথী | ১৮০০৩৪৩৪ | গাইবান্ধা |
| ৫ | জনাব টিপু সুলতান | ১১০২৮৯২৪ | নারায়ণগঞ্জ |
| ৬ | জনাব অসীম ভৌমিক | ১১০৯৮৩৫৫ | ব্রাহ্মণবাড়িয়া |

০২। চাকরির শর্তসমূহঃ

(ক) এই পদে যোগদানের তারিখ থেকে পরবর্তী ০২ (দুই) বৎসর তাঁর চাকরি শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। সরকার প্রয়োজন মনে করলে তাঁর এই শিক্ষানবিশকাল সর্বোচ্চ আরও ০২ (দুই) বৎসর বৃদ্ধি করতে পারবে;
(খ) যদি এই শিক্ষানবিশকালে তাঁর আচরণ ও কার্যাবলী সন্তোষজনক বলে বিবেচিত না হয়, সেক্ষেত্রে কোন কারণ দর্শানো ছাড়াই তাঁকে চাকুরি হতে অপসারণ করা হবে;
(গ) এই পদের জন্য অধিদপ্তরের নিয়োগবিধির শর্তানুযায়ী সরকারি আদেশবলে বিভিন্ন সময়ে আয়োজিত যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদিতে উত্তীর্ণ হওয়ার পর শিক্ষানবিশকাল সন্তোষজনক সাপেক্ষে চাকরি স্থায়ী করা হবে;
(ঘ) এই প্রজ্ঞাপনে নির্দিষ্টভাবে উল্লেখ হয়নি এরূপ ক্ষেত্রে চাকরি সংক্রান্ত সরকারের অন্যান্য বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে মর্মে গণ্য হবে ;
(ঙ) এই প্রজ্ঞাপন জারীর তারিখ হতে ০১ (এক) মাসের মধ্যে মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর ঢাকা, বরাবর যোগদান করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থী চাকরি করতে ইচ্ছুক নন মর্মে গণ্য হবে এবং এই নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে;
(চ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;
(ছ) সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাকে সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় দাখিল করতে হবে;
(জ) যোগদানকালে প্রার্থীর যোগদানের আবেদনপত্র, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, নাগরিক সনদপত্র/চেয়ারম্যানের সার্টিফিকেট/কমিশনারের সার্টিফিকেট, পাসপোর্ট সাইজের ছবি (১ কপি), এবং সকল সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি সঙ্গে আনতে হবে;
(ঝ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না;
(ঞ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরাধীন বাংলাদেশের যে কোন অফিসে তার চাকরি বদলিযোগ্য হবে এবং
(ট) আবেদনপত্রের সাথে প্রদত্ত যে কোন তথ্য/কাগজপত্র/ছবি পরবর্তীতে ভুয়া প্রমাণিত হলে তাকে বিনা নোটিশে চাকরিচ্যুত করা হবে।

৩। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২০-১১-২০২৪
ফাহমিদা আখতার
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব) (অতিরিক্ত দায়িত্ব)
৮৮০২২২৬৬৬৪২০২ (ফোন)
৮৮০২২২৬৬৬৪২০৩ (ফ্যাক্স)
ig@dife.gov.bd

**নম্বর:** ৪০.০১.০০০০.১০১.১১.০০২.১৭.১৭৩/১ (১৪)

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণঃ জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
২। সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন।
৪। অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব), অতিরিক্ত মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
৫। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭। যুগ্ম মহাপরিদর্শক (সকল)।
৮। উপমহাপরিদর্শক (সকল) প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
৯। উপমহাপরিদর্শক (৩১ কার্যালয়), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
১০। উপ পরিচালক, উপ পরিচালকের দপ্তর, বাংলাদেশ ফর্মস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেট প্রকাশের অনুরোধসহ)।
১১। সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। জনাব..............................................................................................................।
১৪। অফিস কপি।

২০-১১-২০২৪
ফাহমিদা আখতার
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব) (অতিরিক্ত দায়িত্ব)